

৩। (গৌসাই) তারকচাঁদের সুকর্মের গুণে তবে তারক নামটি
পেলেন গো—

সে যে, প্রেম-রসরাজ ভক্ত-বৎসল

প্রেমের বন্যায় দেশ ভাসল ॥

৪। রোহিদাস সে মুচি ছিল কর্মগুণে ব্রাহ্মণ হ'ল গো—
হ'ল ব্রাহ্মত্ব লোপ্ ব্রাহ্মণের সব, স্বর্গে ঘন্টাধ্বনি হ'ল ॥

৫। ভেবে দ্বিজ সতীশ বলে মানুষ হয় দেবতা গুণে গো—
(আছে) গীতার কর্ম যোগের বাণী

সুখ দুঃখ কর্মফল ॥

শ্রীসতীশচন্দ্র রায়, সাহিত্যশাস্ত্রী, পুরাণরত্ন



১০১ নং

তাল--একতাল

হরি তোমার নামে জগৎ কাঁদে ।

হরিচাঁদ আমি তো কাঁদলেম না ॥

১। আমি ভক্ত করতে পারলেম না,
ওগো তোমায় বিশ্বাস করতে পারলেম না ॥

২। আমি কত জন্মের অপরাধী গো ।
ও একদিন ডাকার মত ডাকলেম না ॥

৩। কত পাপী-তাপী তরে গেল গো ।
ও আমার মন পাষণ ত গলে না ॥

৪। যে দিন হিসাব নিকাশ দিতে হবে গো ।
ও আমার সেই হিসাব দেওয়া ত হবে না ॥